

## জুলাই, ২০২২ মাসের উপজেলা পরিষদের মাসিক সভার কার্যবিবরণী:

উপজেলা	:	বারহাটা
সভার তারিখ ও সময়	:	২৬ জুলাই, ২০২২, বেলা ১২.০০ ঘটিকা
সভার স্থান	:	উপজেলা পরিষদ মিলনায়তন, বারহাটা, নেত্রকোণা।
সভাপতি	:	জনাব মুহাম্মদ মাইনুল হক, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বারহাটা, নেত্রকোণা
উপস্থিত সদস্য	:	পরিশিষ্ট "ক"

উপস্থিত সদস্যগণকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। অতঃপর সভার কাজ পরিচালনার জন্য জনাব এস.এম. মাজহারুল ইসলাম, উপজেলা নির্বাহী অফিসার, বারহাটাকে অনুরোধ জানানো হয়। সভার শুরুতেই বিগত জুন, ২০২২ মাসে অনুষ্ঠিত উপজেলা পরিষদের মাসিক সভার কার্যবিবরণী পাঠ করে শুনানো হয় এবং পাঠান্তে কোন সংশোধন না থাকায় তা সর্বসম্মতিক্রমে গৃহীত হয়।

বিভাগীয় উন্নয়নমূলক কাজের আলোচনা :

ক্রম	বিভাগ	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নে
১	উপজেলা প্রকৌশল বিভাগ	উপজেলা প্রকৌশলী, বারহাটা সভায় জানান এলজিডি'র অধীন বিভিন্ন প্রকল্পের আওতায় উন্নয়নমূলক কাজসহ অন্যান্য কাজ স্বাভাবিক গতিতে চলমান আছে। তিনি জানান গুরুত্বপূর্ণ গ্রাম্য সড়ক রোড ইনভেস্টরীতে অন্তর্ভুক্ত না থাকার কারণে সে সড়ক উন্নয়ন করা সম্ভব হচ্ছে না ফলে 'আমার গ্রাম আমার শহর' শীর্ষক প্রকল্পসহ অন্যান্য প্রকল্পের পত্তী অবকাঠামো উন্নয়নের কাজে সফল গ্রামীন জনগণের নিকট পৌছানো কষ্টসাধ্য হয়ে পড়েছে। এ উপজেলায় যে সকল গ্রাম সড়ক রোড ইনভেস্টরীতে অন্তর্ভুক্ত নেই সে সকল সড়ক পরিকল্পনা কমিশন কর্তৃক অনুমোদিত সংজ্ঞানুসারে শ্রেণিভুক্ত করে সভায় উপস্থাপন করেন (পরিশিষ্ট-'খ')। উপস্থাপিত সড়কের বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়।	পরিশিষ্ট 'খ' তে উপস্থাপিত গুরুত্বপূর্ণ গ্রামীন সড়ক আইডিভুক্ত করণের প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা প্রকৌশলী, বারহাটা
২	উপজেলা স্বাস্থ্য বিভাগ	উপজেলা স্বাস্থ্য বিভাগ এর আলোচনায় জানা যায় হাসপাতালের বহিঃ বিভাগ ও আন্তঃবিভাগের সকল সেবাদানমূলক কার্যক্রম, মাঠ পর্যায়ের রুগটন ইপিআই কার্যক্রম এবং কমিউনিটি ক্লিনিকে সেবাদান কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। উপজেলা নির্বাহী অফিসার সভায় স্বাস্থ্য সচেতনতা বৃদ্ধি, কমিউনিটি ক্লিনিকের সেবার মান নিশ্চিতসহ কমিউনিটি ক্লিনিকে যথাযথভাবে ঔষধ সরবরাহের বিষয়ে আলোচনা করেন। উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার সভায় এডিপি বরাদ্দ থেকে উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের জন্য ০৫ টি অক্সিজেন সিলিন্ডার এবং ওয়ার্ডের জন্য ০৫ টি Pure-it পানি বিশুদ্ধকরণ যন্ত্র সরবরাহের অনুরোধ করেন। তাছাড়া হাসপাতালের নিরাপত্তার জন্য দিবা-রাত্রি পুলিশ টহল নিশ্চিত করার অনুরোধ করেন।	১। বিভাগীয় কার্যক্রম যথাযথ রাখতে হবে। ০২। কমিউনিটি ক্লিনিকে যথাযথ ঔষধ সরবরাহ করতে হবে। ০৩। এডিপি বরাদ্দ প্রাপ্তির পর এ বিষয়ে আলোচনা সাপেক্ষে ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। ০৪। অফিসার ইন চার্জ, বারহাটা থানা নিরাপত্তার বিষয়টি নিশ্চিত করবেন।	উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা, বারহাটা
৩	উপজেলা কৃষি বিভাগ	উপজেলা কৃষি বিভাগের আলোচনায় উপজেলা কৃষি অফিসার সভায় জানান মাঠ পর্যায়ে কৃষি বিভাগের সেবা অব্যাহত আছে এবং এ বিভাগের সার্বিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালিত হচ্ছে।	বিভাগীয় কার্যক্রম যথাযথ রাখতে হবে।	উপজেলা কৃষি অফিসারসহ সংশ্লিষ্ট সকল।
৪	উপজেলা প্রাণিসম্পদ বিভাগ	উপজেলা প্রাণিসম্পদ বিভাগের আলোচনায় চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বারহাটা সভায় জানান বারহাটা উপজেলা হতে জনাব মোঃ আবুল বাসিদ, উপসহকারী প্রাণিসম্পদ কর্মকর্তা (সম্প্রসারণ), কে উপজেলা প্রাণিসম্পদ দপ্তর, ও ডেটেরিনারি হাসপাতাল মদন, নেত্রকোণায় শূন্য পদে বদলী করা হয়েছে। বর্ণিত কর্মকর্তা বারহাটা উপজেলার জন্য নিরলসভাবে কাজ করেছেন। তিনি একজন দক্ষ ও কর্মঠ অফিসার।	বারহাটা উপজেলার সার্বিক দিক বিবেচনা করে বদলী আদেশ পুনঃ বিবেচনার জন্য উর্ধ্বতন কর্তৃপক্ষ বরাবর পত্র প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, বারহাটা।
৫	উপজেলা মৎস্য বিভাগ	উপজেলা মৎস্য অফিসার বা প্রতিনিধি সভায় উপস্থিত না থাকায় তার বিভাগের কার্যক্রম সম্পর্কে আলোচনা করা সম্ভব হয়নি।	প্রয়োজনীয় তথ্যসহ নিয়মিত উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হয়।	সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা, বারহাটা।
৬	উপজেলা মাধ্যমিক শিক্ষা বিভাগ	উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, বারহাটা সভায় জানান ইউনিট আইডির কার্যক্রম চলমান রয়েছে। এ কার্যক্রম ৩১.০৮.২০২২ তারিখ পর্যন্ত চলমান থাকবে। তাছাড়া তার বিভাগের সার্বিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালিত হচ্ছে।	কাজের ধারা অব্যাহত রাখতে হবে।	উপজেলা নির্বাহী অফিসার ও উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার।
৭	উপজেলা প্রাথমিক শিক্ষা বিভাগ	উপজেলা শিক্ষা অফিসার সভায় অবহিত করেন তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে পরিচালিত হচ্ছে। সাম্প্রতিক বন্যার পর বিদ্যালয়সমূহে যথারীতি ক্লাস চালু হয়েছে এবং মনিটরিং কার্যক্রম চলমান রয়েছে।	কাজের ধারা অব্যাহত রাখতে হবে।	উপজেলা শিক্ষা অফিসার ও সহকারী শিক্ষা অফিসার।
৮	উপজেলা সমাজসেবা বিভাগ	উপজেলা সমাজ সেবা অফিসার সভায় জানান সমাজসেবা সম্প্রদায় প্রায় ২১,০০০ (একুশ হাজার) বেনিফিসারী আছে। আন্তরিকতার সঙ্গে তাদেরকে সেবা প্রদান করা হচ্ছে। বর্তমানে ভাতা বিকাশের মাধ্যমে বিতরণ করা হচ্ছে। চেয়ারম্যান রায়পুর, সিংধা ইউপি জানান এ উপজেলায় জানামতে অনেক বেনিফিসারী আছে	যারা ভাতা পাচ্ছে না বা ভাতা অন্য হিসাবে চলে যাচ্ছে তাদের তালিকা দাখিলের সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা সমাজসেবা অফিসার, বারহাটা।



		একবার ভাতা পেয়ে অন্যবার ভাতা পাচ্ছে না। যারা একবার ভাতা পেয়ে আর ভাতা পাচ্ছেনা তাদের তালিকা দাখিলের বিষয়ে আলোচনা হয়।		এবং ইউপি চেয়ারম্যান
৯	উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগ	উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, বারহাটা, নেকোণা সভায় জানান, ইউনিয়ন ভিত্তিক বিশেষ ক্যাম্প, পরিবার পরিকল্পনা পদ্ধতি, মা ও শিশু-কিশোর কিশোরীদের স্বাস্থ্য সংক্রান্ত সেবা অব্যাহত আছে। তিনি জুন, ২০২২ মাসে পরিবার পরিকল্পনা বিভাগের নিম্নরূপ বিভিন্ন তথ্যাদি উপস্থাপন করেনঃ ক) সক্ষম দম্পতির সংখ্যাঃ ৩৪,৮৪১ জন, খ) পরিবার পরিকল্পনা পদ্ধতি গ্রহণকারীর সংখ্যাঃ ২৭৯৬২ জন গ) সি এ আর ৮০.২৬% ঘ) স্থায়ী পদ্ধতিঃ পুরুষ বন্ধ্যাকরণ-০ মহিলা বন্ধ্যাকরণ-০ দীর্ঘ মেয়াদী পদ্ধতিঃ ইমপ্ল্যানন-৩৫ জন, আইইউডি-০০ জন, অস্থায়ী পদ্ধতিঃ খাবার বড়ি (সুখী), ১২,৪১৮ চক্র, খাবার বড়ি (আপন)-৫৫০ চক্র, কনডম-১০৫৬০ পিস, ইনজেকটেবল-১৪৪২ ভায়াল।	কাজের ধারা অব্যাহত রাখার জন্য উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, বারহাটাকে অনুরোধ করা হয়।	উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, বারহাটা।
১০	উপজেলা যুব উন্নয়ন বিভাগ	উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা সভায় জানান বিগত অর্থ বছরে ১৪ ব্যাচে প্রতি ব্যাচ ৩০ জন করে ৪২০ জনকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে এবং ৫৬ জনকে ২৩,০০,০০০/- টাকা ঋণ বিতরণ করা হয়েছে। বিভাগের অন্যান্য কার্যক্রম স্বাভাবিক চলছে।	ইউনিয়নভিত্তিক উপকার ভোগীর তালিকা নিয়মিত উপস্থাপনের সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা বারহাটা।
১১	উপজেলা মহিলা বিষয়ক অধিদপ্তর	উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সভায় জানান ০৭ টি ইউনিয়নে ডিজিডি কর্মসূচী চালু রয়েছে। রায়পুর ইউনিয়ন ব্যতিত ০৬ টি ইউনিয়নে বিতরণ সম্পন্ন হয়েছে। মাতৃত্বভাতার বরাদ্দ পাওয়া যায়নি। মহিলা শেলাই প্রশিক্ষণ কেন্দ্রে এবং আইজিএ প্রকল্পের নতুন প্রশিক্ষণার্থী ভর্তির বিজ্ঞপ্তি দেয়া হয়েছে।	বিতরণ কার্যক্রম দ্রুত সম্পন্নের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা ও ইউপি সচিব
১২	জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগ	জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগের আলোচনায় উপজেলা নির্বাহী অফিসার সভায় মুজিব শতবর্ষ উপলক্ষে ভূমিহীন ও গৃহহীন পরিবারের জন্য নির্মিত আবাসন/আশ্রয়ন প্রকল্পে পানি সরবরাহে টিউবওয়েল স্থাপনের বিষয়ে আলোচনা করেন। উপসহকারী প্রকৌশলী জনস্বাস্থ্য সভায় জানান ২০২১-২০২২ অর্থ বছরের বরাদ্দকৃত অর্থ দ্বারা কাজ সম্পাদনের নিমিত্ত তালিকা চাওয়া হলে ০৫ টি ইউনিয়ন হতে পাওয়া গিয়েছে। রায়পুর এবং বারহাটা সদর ইউনিয়ন হতে তালিকা না পাওয়ায় পরবর্তী কার্যক্রম গ্রহণ করা যাচ্ছে না। কার্যক্রম শুরু না হওয়ায় উর্ধ্বতন কর্তৃপক্ষ অসন্তোষ প্রকাশ করছেন।	১। আবাসন/আশ্রয়ন প্রকল্পে পানি সরবরাহে সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। ২। জরুরীভিত্তিতে তালিকা দাখিলের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।	উপ সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) ও সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান
১৩	দুর্যোগ ব্যবস্থাপনা শাখা	সভায় উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সভায় জানান তার বিভাগের সমুদয় কার্যক্রম নির্ধারিত সময়সীমার মধ্যে সম্পন্ন হয়েছে।	০১। নির্ধারিত সময়সীমার মধ্যে সমুদয় কাজ সমাপ্ত করতে হবে।	উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা ও বারহাটা।
১৪	উপজেলা পল্লী উন্নয়ন বিভাগ	উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা সভায় জানান এ বিভাগের সার্বিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালিত হচ্ছে।	প্রয়োজনীয় তথ্যসহ নিয়মিত সভায় উপস্থিত থাকতে হবে।	উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা বারহাটা।
১৫	উপজেলা সমবায় বিভাগ	উপজেলা সমবায় অফিসার সভায় জানান তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিক গতিতে চলমান রয়েছে। তিনি আরও জানান আঞ্চলিক সমবায় ইনস্টিটিউট, মুন্সিগাছা ময়মনসিংহে ইতোমধ্যে ০৩ টি বিষয়ের উপরে ১২ জন প্রশিক্ষণার্থীকে প্রশিক্ষণের জন্য প্রেরণ করা হয়েছে।	কাজের ধারা অব্যাহত রাখতে হবে।	উপজেলা সমবায় অফিসার, বারহাটা।
১৬	উপজেলা আনসার ও ভিডিপি বিভাগ	উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা সভায় জানান তার বিভাগের সার্বিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালিত হচ্ছে।	কাজের ধারা অব্যাহত রাখতে হবে।	উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা, বারহাটা।
১৭	উপজেলা পরিসংখ্যান বিভাগ	উপজেলা পরিসংখ্যান অফিসার সভায় জানান ইতোমধ্যে জনশুমারি ও গৃহগণনা ২০২২ এর মূল তথ্য সংগ্রহ কার্যক্রম সারাদেশে ১৫-২২ জুন, ২০২২ সময়ে মধ্যে এক যোগে সম্পন্ন হলেও বন্যা কবলিত নেকোণায়া ২২-২৮ জুন, ২০২২ পর্যন্ত ০৭ দিন সময় বৃদ্ধি করা হলে সকলের সার্বিক সহযোগিতায় বর্ণিত সময়ে জনশুমারি ও গৃহগণনা ২০২২ এর যাবতীয় কার্যক্রম সম্পন্ন হওয়ায় সংশ্লিষ্ট সকলকে আন্তরিক ধন্যবাদ জ্ঞাপন করেন। তা ছাড়া তার দাপ্তরিক কাজ সুষ্ঠুভাবে পরিচালিত হচ্ছে।	কাজের ধারা অব্যাহত রাখতে হবে।	উপজেলা পরিসংখ্যান অফিসার।

বিবিধ :

০১। (ক) উপজেলা নির্বাহী অফিসারের বাসভবন ও শারীরিক নিরাপত্তায় আনসার সদস্যদের আবাসন ভবন নির্মাণ : উপজেলা নির্বাহী অফিসার স্থানীয় সরকার বিভাগের ২৯ মার্চ তারিখের ৪৬.০০.০০০০.০৪৬.২৬.৪৮৭.২০১২ (অংশ-১) -২৭২ নং স্মারক সভায় উপস্থাপন করেন। তিনি জানান বর্ণিত স্মারকে উপজেলা নির্বাহী অফিসারের বাসভবন ও শারীরিক নিরাপত্তায় আনসার সদস্যদের আবাসন ভবন নির্মাণের জন্য প্রধান প্রকৌশলী, এলজিডি হতে প্রাপ্ত প্রাক্কলন, প্রাক্কলিত ব্যয় এবং আনসার ভিডিপি সদর দপ্তর থেকে প্রাপ্ত লে-আউট প্ল্যান অনুযায়ী নির্মাণের নির্দেশনা রয়েছে। আনসার সদস্যদের আবাসন ভবন নির্মাণের নিমিত্ত ২৯ মার্চ ২০২২ তারিখে অনুষ্ঠিত মার্চ/২০২১ মাসের উপজেলা পরিষদের উন্নয়ন সমন্বয় কমিটির সভায় সর্বসম্মতক্রমে উপজেলা নির্বাহী অফিসারের বাসভবন এবং শ্যামলী কোয়ার্টার/তথ্য অফিসের মাঝখানের খালি/ফাঁকা জায়গায় ব্যারাক নির্মাণের স্থান নির্বাচন করা হয়। উপজেলা নির্বাহী অফিসার সভায় প্রস্তাব করেন যেহেতু বর্তমানে চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বারহাটা এর বাসভবন স্থানান্তরিত হয়ে পুকুরের ডানপার্শ্বে নির্মাণাধীন রয়েছে সেহেতু উপজেলা পরিষদ চেয়ারম্যান সাহেবের পুরাতন বাসভবনের সামনে এবং উপজেলা নির্বাহী অফিসারের বাসভবনের ঠিক পেছনে আনসার ব্যারাক নির্মাণ করা যায়। আনসার সদস্যগণ উপজেলা পরিষদের একটি ভবনের নীচ তলায় আর্মসহ অবস্থান করছে। আর্মস রাখার কোনো সুরক্ষিত ব্যবস্থা নেই। নিরাপত্তার বিষয়টি সর্বোচ্চ বিবেচ্য। তিনি জানান স্থানীয় সরকার বিভাগের উপজেলা-২ শাখার ১২ আগস্ট, ২০২১ তারিখের ৪৬.০০.০০০০.০৪৫.২০.০০২.২১.৮ নং স্মারকে উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের অর্থ দ্বারা আবাসন ভবন (আনসার সেড) নির্মাণের নির্দেশনা রয়েছে। বিষয়টি নিয়ে উপজেলা পরিষদের ফেব্রুয়ারি/২০২২ মাসের মাসিক সভায় আলোচনা করা হলে জুলাই/২২ মাসের সভায় এ বিষয়ে আলোচনা সাপেক্ষে সিদ্ধান্ত গৃহীত হবার সিদ্ধান্ত নেয়া হয়েছিল। সে পরিপ্রেক্ষিতে বিষয়টি নিয়ে বিস্তারিত আলোচনাতে নিম্ন বর্ণিত সিদ্ধান্ত গ্রহণ করা হয়।



(২) উপজেলা পরিষদ চেয়ারম্যান সাহেবের পুরাতন বাসভবনের সামনে এবং উপজেলা নির্বাহী অফিসারের বাসভবনের পেছনে পশ্চিম উত্তরকোণে আনসার ব্যারাক নির্মাণের স্থান সর্বসম্মতক্রমে নির্ধারণ/নির্বাচন করা হয়।

(২) উপজেলা নির্বাহী অফিসারের বাসভবন ও শারীরিক নিরাপত্তায় আনসার সদস্যদের ভবন নির্মাণের নিমিত্ত দ্রুত টেন্ডার আহবানের সিদ্ধান্ত গৃহীত হয়।  
বাস্তবায়নে : উপজেলা প্রকৌশলী, বারহাটা, নেত্রকোণা।

০২। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বারহাটা সভায় জানান, উপজেলা পরিষদ কার্যালয়ের প্রশাসনিক ভবন বিগত ২০ মে, ২০২১ তারিখে অগ্নিকাণ্ডে ভবনের টাইলস সহ বিভিন্ন আইটেম ক্ষতিগ্রস্ত হয়। বিগত অর্থ বছরে আংশিক মেরামত করে অফিস কার্যক্রম পরিচালনা করা হয়। বরাদ্দের অপ্রতুলতায় সম্পূর্ণ কার্যক্রম সম্পন্ন করা যায়নি। তিনি আরও জানান উপজেলা পরিষদ ভবনের সিঁড়িতে ফাটল দেখা দিয়েছে, প্লাস্টার খসে পড়ছে। সিঁড়ি, ফ্রেমসহ সিঁড়ির জানালা, গ্রীল মেরামত করা প্রয়োজন। মেরামত করা না হলে কোন সময় যে কোনো দুর্ঘটনা দেখা দিতে পারে। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। তিনি জানান উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের অর্থায়নে ৬,০০,০০০/- (ছয় লক্ষ) টাকার মধ্যে ব্যয় সীমিত রেখে বর্ণিত কাজ সম্পন্ন করা যেতে পারে। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়।

সিদ্ধান্ত: (১) উপজেলা প্রকৌশলীকে ৬,০০,০০০/- (ছয় লক্ষ) টাকার মধ্যে ব্যয় সীমিত রেখে উপজেলা পরিষদ কার্যালয় এবং ছাদে উঠার সিঁড়ি, ফ্রেমসহ সিঁড়ির জানালা, গ্রীল মেরামতের নিমিত্ত প্রাক্কলন প্রস্তুতপূর্বক কার্যক্রম গ্রহণের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।

সিদ্ধান্ত: ৬,০০,০০০/- (ছয় লক্ষ) টাকার মধ্যে ব্যয় সীমিত রেখে আরএফকিউ পদ্ধতিতে উপজেলা পরিষদ কার্যালয় এবং ছাদে উঠার সিঁড়ি, ফ্রেমসহ সিঁড়ির জানালা, গ্রীল মেরামত করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।

কমিটি :

ক্রঃনং	নাম, পদবী ও ঠিকানা	কমিটিতে পদবী
০১	জনাব তানভীর আহমেদ, সিনিয়র উপজেলা মৎস্য অফিসার, বারহাটা, নেত্রকোণা।	কমিটিতে পদবী
০২	জনাব মোঃ বিদ্যুৎ মিয়া, উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, বারহাটা, নেত্রকোণা।	আহ্বায়ক
০৩	জনাব মহা: নূরুল হুদা, উপসহকারী প্রকৌশলী, উপজেলা প্রকৌশল অধিদপ্তর, বারহাটা, নেত্রকোণা	সদস্য
০৪	জনাব মো: লতিফুর রহমান, উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, বারহাটা, নেত্রকোণা।	সদস্য
০৫	জনাব মোঃ আরিফ রব্বানী, অফিস সহকারী কাম কম্পিউটার অপারেটর, ইউ, এন, ও, অফিস বারহাটা, নেত্রকোণা	সদস্য

০৩। 'রায়পুর ইউনিয়নে জীবন রক্ষা বাঁধ সংস্কার/পুনঃ নির্মাণ' : চেয়ারম্যান, সিংধা ইউপি, সভায় জানান বারহাটা উপজেলাধীন রায়পুর ইউনিয়নে কংশ নদীর বামতীরে 'জীবন রক্ষা বাঁধ' নামে ১ টি বাঁধ ২০০৭ সালে যেখা শ্রমে নির্মাণ হলে বাঁধের প্রয়োজনীয়তায়/গুরুত্বের বিষয়টি বিবেচনায় এনে ২০১২ জেলা ত্রাণ ও পুনর্বাসন শাখা হতে স্থায়ী বাঁধ নির্মাণ করা হয়। বাঁধটি ০৩ টি উপজেলার ০৭ টি ইউনিয়নের ৪০ টি গ্রামের জনসাধারণ ফসল আগাম বন্যা হতে রক্ষা করে বিধায় বাঁধটির নামকরণ করা হয় 'জীবন রক্ষা বাঁধ'। তিনি জানান সাম্প্রতিক বন্যায় বাঁধের অনেক অংশ ভেঙ্গে গিয়েছে। বাঁধ ভেঙ্গে যাওয়ায় আগামী বছরও পাহাড়ী ঢলের সাথে বালি আবাদী জমিতে প্রবেশ করে ফসলের ক্ষতি সাধন করবে এবং সাধারণ মানুষের চলাচলেও অসুবিধার সৃষ্টি হবে। জরুরীভিত্তিতে বাঁধটি মেরামত করা প্রয়োজন। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়।

সিদ্ধান্ত : উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা কর্তৃক বাঁধটি সরেজমিনে তদন্ত করে পরবর্তী মাসের সভায় প্রতিবেদন দাখিলের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।

০৪। উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা সভায় জানান উপজেলা প্রাণিসম্পদ অফিস প্রাঙ্গনে অবস্থিত ভবন জরাজীর্ণ থাকায় উপজেলা পরিষদের মার্চ, ২০২২ মাসের উপজেলা পরিষদের মাসিক সভায় এ বিষয়ে আলোচনা হয় এবং পরবর্তী সভায় উপজেলা প্রকৌশলী, বারহাটা'র মাধ্যমে কারিগরি মতামতসহ প্রাক্কলন উপস্থাপনের সিদ্ধান্ত গৃহীত হয়। উপজেলা প্রকৌশলী কর্তৃক প্রস্তুতকৃত ০৪ (চার) টি জরাজীর্ণ ভবনের প্রাক্কলন উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, বারহাটা সভায় উপস্থাপন করেন। উপজেলা প্রকৌশলী কর্তৃক দাখিলকৃত প্রাক্কলনে Total Valuation Cost TK : 1,93,042.00, Total Dismantling Cost TK : 91,000.00, Net Valu TK : 1,02,042.00 উল্লেখ করা হয়েছে। জরাজীর্ণ ভবন ০৪ (চার) টি কনডেমড ঘোষণা/নিলামে বিক্রয়ের নিমিত্ত উপস্থাপিত প্রাক্কলন বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয় এবং আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়।

সিদ্ধান্ত : ০১। উপজেলা প্রাণিসম্পদ অফিস প্রাঙ্গনে অবস্থিত ০৪ টি ভবন জরাজীর্ণ, সংস্কারের অযোগ্য এবং ঝুঁকিপূর্ণ থাকায় উপজেলা পরিষদের সভায় কনডেমড (Condemned) ঘোষণা/নিলামে বিক্রয়ের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।

সিদ্ধান্ত : ০২। উপজেলা প্রাণিসম্পদ কার্যালয়ের জরাজীর্ণ ভবনের উপস্থাপিত প্রাক্কলন সর্বসম্মতিক্রমে অনুমোদিত ও গৃহীত হয়।

সিদ্ধান্ত : ০৩। ভবনসমূহ কনডেমড ঘোষণা/নিলামে বিক্রয়ের নিমিত্ত সভার কার্যবিবরণী, প্রাক্কলনসহ যাবতীয় রেকর্ডপত্র বই আকারে প্রস্তুত করে জেলা কনডেমনেশন কমিটির নিকট প্রেরণের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত ও অনুমোদিত হয়।  
বাস্তবায়নে : উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, বারহাটা, নেত্রকোণা।

০৫। উপজেলা প্রকৌশলী সভায় জানান, উপজেলা পরিষদের রাজস্ব তহবিল স্থানীয় সম্পদের ভিত্তিতে গঠিত হয়। উপজেলা পরিষদের বাসাবাড়ি হতে প্রাপ্ত আয় রাজস্ব তহবিলের অন্যতম উৎস। উপজেলা পরিষদের সকল বাসা বাড়িতেই কর্মকর্তা/কর্মচারিণিগণ অবস্থান করছেন। বিদ্যুৎ অফিসের মাধ্যমে জানা যায় অনেকে বাসাবাড়িতে অবস্থান করছেন অথচ বিদ্যুৎ বিল পরিশোধ করছেন না। দিন দিন বকেয়া বিদ্যুৎ বিলের পরিমাণ বেড়েই চলেছে। তিনি সভায় অবহিত করেন যারা পরিষদের বাসা বাড়িতে অবস্থান করছেন তারা যেন নিয়মিত বাসাভাড়া কর্তন ও বিদ্যুৎ বিল পরিশোধ করেন। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়।

সিদ্ধান্ত : অবস্থানকালীন সময় হতে যাদের বিদ্যুৎ বিল বকেয়া রয়েছে তাদেরকে অবশ্যই বকেয়া বিদ্যুৎ বিল পরিশোধ করতে হবে।

বাস্তবায়নে : উপজেলা প্রকৌশলী, বারহাটা।

০৬। উপজেলা প্রকৌশলী সভায় অবহিত করেন যে, বারহাটা উপজেলাধীন রায়পুর ইউনিয়নের ফকিরের বাজার ইউপি হতে তেঘরিয়া বাজার আরএন্ডএইচ সড়কের উন্নয়ন কাজ MRRIDP প্রকল্পের অধীনে চলমান আছে। উক্ত সড়কে চেইং ০০-৪৬৩ মি.ও চেইং ৭৪১-৮১৭ মি. এর সিসি সড়কের এজিং ও সলিং এর পুরাতন ইট অপসারণ ব্যয় সমন্বয় করে নিলাম ডাকের মাধ্যমে অপসারণ করা প্রয়োজন। এ ক্ষেত্রে পুরাতন প্রতিটি ইটের মূল্য ৪.০০ টাকা হারে নির্ধারণ করে প্রাক্কলন প্রস্তুতপূর্বক নিলাম ডাক দেয়া যেতে পারে।

সিদ্ধান্ত: উপস্থাপিত প্রস্তাব সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয় এবং নিলাম বিক্রয়ের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।



বাস্তবায়নে: উপজেলা প্রকৌশলী, বারহাটা।

০৭। উপজেলা নির্বাহী অফিসার, বারহাটা, নেত্রকোণা সভায় অবহিত উপজেলা নির্বাহী অফিসারে কার্যালয়ে দু'তলায় কোন কেচি গেইট নেই। কেচি নির্মাণ করা প্রয়োজন। তা ছাড়া অফিসের দরজা, জানালা অকেজো। ০২ টি দরজা এবং ০১ টি জানালা চৌকাঠসহ জরুরীভিত্তিতে মেরামত/নতুন নির্মাণ প্রয়োজন। এ বিষয়ে ইতোমধ্যে উপজেলা প্রকৌশলী, বারহাটাকে একটি প্রাক্কলন দাখিলের জন্য অনুরোধ করা হয়েছিল। উপজেলা প্রকৌশলী বারহাটা, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ের ০১টি কেচি গেইট নির্মাণ ও ফ্রেমসহ দরজা জানালা নির্মাণের নিমিত্ত ২,০০,০০০/- (দুই লক্ষ) টাকার ০১ টি প্রাক্কলন সভায় উপস্থাপন করেন। উপস্থাপিত প্রাক্কলন বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়।

সিদ্ধান্ত: বিস্তারিত আলোচনান্তে ২,০০,০০০/-টাকা ব্যয়ে নিম্ন বর্ণিত প্রকল্প কমিটির মাধ্যমে প্রকল্পটি বাস্তবায়নের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত ও অনুমোদিত হয়।

কমিটির নাম: উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে ০১ টি কেচি গেইট ও ফ্রেমসহ দরজা জানালা নির্মাণ প্রকল্প  
প্রাক্কলিত মূল্য- ২,০০,০০০/-

প্রকল্প বাস্তবায়ন কমিটি :

ক্রমঃ	নাম ও ঠিকানা	পদবী	কমিটিতে পদবী
১	জনাব মোঃ আব্দুল কাদির, ইউপি সদস্য, ৯নং ওয়ার্ড, বারহাটা ইউনিয়ন পরিষদ, বারহাটা	জনপ্রতিনিধি	সভাপতি
২	জনাব মোঃ আফরোজা, সংরক্ষিত সদস্য, বারহাটা ইউনিয়ন পরিষদ, বারহাটা	ঐ	সদস্য সচিব
৩	জনাব মনোরঞ্জন সরকার, পিতা: মৃত চিত্তরঞ্জন সরকার, সাং-বিক্রমশ্রী, বারহাটা, নেত্রকোণা।	সমাজসেবক	সদস্য
৪	জনাব বজলুল হক, পিতা: মৃত জহুর উদ্দিন গ্রামঃ ইল্লিপাড়াপুত্র, বারহাটা, নেত্রকোণা।	সমাজ সেবক	সদস্য
৫	জনাব শান্তনা রানী দত্ত, সহঃ শিক্ষক, গোপালপুর সরকারী প্রাথমিক বিদ্যালয়, বারহাটা, নেত্রকোণা।	শিক্ষক	সদস্য
৬	জনাব মোঃ মোজাক্কির রহমান খান, পিতা: মৃতসাহাব উদ্দিন খান, উপজেলা পরিষদ মসজিদ, বারহাটা, নেত্রকোণা	ইমাম	সদস্য
৭	জনাব জিন্নাতুল ইসলাম, পিতাঃ জয়নাল আবেদীন, গ্রামঃ গোপালপুর বাজার, বারহাটা, নেত্রকোণা	সমাজ সেবক	সদস্য

০৮। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বারহাটা সভায় জানান উপজেলা পরিষদ হলে রুমের আসবাবপত্র অপ্রতুল। জনসাধারণকে নিয়ে সভা করার সময় বাহির থেকে চেয়ার, টেবিল ভাড়া করে আনতে হয়। আসবাবপত্র ক্রয় করা প্রয়োজন। তিনি জানান চলতি অর্থ বছরে ০২ টি এক্সকুচিট টেবিল এবং ২০ টি ভিজিটর চেয়ার ক্রয় করা প্রয়োজন। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। বিস্তারিত আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়।

সিদ্ধান্ত: ৩,০০,০০০/- (তিন লক্ষ) টাকা ব্যয়ে উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে নিম্নবর্ণিত কমিটির মাধ্যমে আরএফকিউ পদ্ধতিতে বর্ণিত ০২ টি এক্সকুচিট টেবিল এবং ২০ টি ভিজিটর চেয়ার ক্রয়ের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।

কমিটি :

ক্রমঃ	নাম, পদবী ও ঠিকানা	কমিটিতে পদবী
০১	জনাব রাকিবুল হাসান, উপজেলা কৃষি অফিসার, বারহাটা, নেত্রকোণা।	আহ্বায়ক
০২	জনাব মোঃ বিদ্যুৎ মিয়া, উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, বারহাটা, নেত্রকোণা।	সদস্য
০৩	জনাব মোঃ শাহ আলম খান, উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, বারহাটা, নেত্রকোণা	সদস্য
০৪	জনাব উত্তম চৌধুরী, স্টাট মুনাস্করিক কাম কম্পিউটার অপারেটর, উপজেলা পরিষদ কার্যালয়, বারহাটা	সদস্য
০৫	জনাব মোঃ লতিফুর রহমান, উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, বারহাটা, নেত্রকোণা।	সদস্য

০৯। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বারহাটা সভায় জানান রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা-২০২২ মোতাবেক প্রতি অর্থ বছর ৩০ জুনে রাজস্ব তহবিলের উদ্ধৃত অর্থ উন্নয়ন তহবিলে স্থানান্তরের নির্দেশনা রয়েছে। ৩০ জুন ২০২২ এ রাজস্ব তহবিল হতে ইস্যুকৃত চেকের অর্থ পরিশোধের পর ২৪,৮৯,৯২৬/-টাকা অব্যয়িত থাকবে মর্মে প্রতীয়মান হয়। অর্থ স্থানান্তরের বিষয়টি জুলাই ২০২২ মাসে সভায় সিদ্ধান্তের প্রেক্ষিতে স্থানান্তরিত করার বিষয়ে আলোচনা করা হয়।

সিদ্ধান্ত: সভায় বিস্তারিত আলোচনান্তে উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে ২০,০০,০০০/- (বিশ লক্ষ) টাকা উন্নয়ন তহবিলে স্থানান্তরের সর্বসম্মতভাবে সিদ্ধান্ত গৃহীত হয়।

বাস্তবায়নে : উপজেলা নির্বাহী অফিসার, বারহাটা, নেত্রকোণা।

১০। চেয়ারম্যান, চিরাম ইউপি সভায় অবহিত করেন চিরাম ইউনিয়নের নৈহাটি বাজার ইজারা বহির্ভূত অবস্থায় আছে। কতিপয় ব্যক্তি অবৈধভাবে পত্তনহাট বসিয়ে নৈহাটি হিফজুল কুরআন আশাফিয়া মাদ্রাসা ও এতিমখানা এবং নৈহাটি ওয়াক্ফ এস্টেট নামে বিধি বহির্ভূতভাবে অর্থ আদায় করছে যা সম্পূর্ণ বে-আইনী। চেয়ারম্যান জানান এটি সরকারি নিয়ন্ত্রণে আনা আবশ্যিক। উপজেলা নির্বাহী অফিসার রেকর্ডপত্র পর্যালোচনান্তে অবহিত করেন, নৈহাটি বাজারটি পেরীফেরী ভূক্ত করণের নিমিত্ত উপজেলা ভূমি অফিস হতে ০৭ (X-111) ২০১৭-২০১৮ নং মিস মোকদ্দমা নথি সৃজন করে নৈহাটি বাজারের নৈহাটি মৌজার বিআরএস ১ নং খতিয়ানভুক্ত ২৮৮২ দাগের-০.৩৮ একর, ব্যক্তি মালিকানাধীন ৫৪৬ খতিয়ানের ২৮৮৩ দাগের ০.০৪ একর, ৪২৬ খতিয়ানের ২৮৫২ দাগের ০.২৩ একর একুনে ০.৬৫ একর এবং ব্যক্তি মালিকানাধীন চিরাম মৌজার ১৬৫৪ খতিয়ানের ৪৭৯৩ দাগের ০.৮০ একর, ১০২২ খতিয়ানের ৪৭৯৪ দাগের ০.২৬ একর, ১৮৪৩ খতিয়ানের ৪৭৯৫ দাগের ০.৩০ একর ২ মৌজার মোট ব্যক্তি মালিকানাধীন ১.৬৩ একর ভূমি ১ নং খতিয়ানে আনয়নপূর্বক সর্বমোট ২.০১ একর ভূমির পেরীফেরী করতঃ নকশা অনুমোদনের জন্য উপজেলা ভূমি অফিসের ১২.০৪.২০১৮ খ্রি. তারিখে ৩১.৪৫.৭২০৯.০০০.০৩.০২২.১২.-১১২ নং স্মারকে জেলা প্রশাসক, নেত্রকোণা মহোদয় বরাবর প্রেরণ করা হলে ২৮ মে, ২০১৮ তারিখে ৩১.৪৫. ৭২০০. ০০৮.৩৩.০৩৮.১৮.৮২৭ নং স্মারকে জেলা প্রশাসক, নেত্রকোণা মহোদয় কার্যালয় হতে পেরীফেরী নকশার অনুমোদন পাওয়া যায়। কিন্তু ব্যক্তি মালিকানাধীন ভূমি ১ নং খতিয়ানে আনয়ন করা হয়নি। জেলা প্রশাসক, নেত্রকোণা মহোদয় কার্যালয়ের রাজস্ব শাখার ০৩.০৬.২০০৯ খ্রি. তারিখের জেপ্রকা/নেত্র/রাজস্ব/স-১৮/২০০৮-৯৪৩(৩) নং স্মারকে নৈহাটি মৌজার বিআরএস ০১ নং খতিয়ানের ২৮৮২ নং দাগের ০.৩৮ খাস ভূমির উপর নৈহাটি বাজার ভূমি মন্ত্রণালয় কর্তৃক সায়রাত মহাল হিসেবে অনুমোদন প্রদান করা হয়েছে মর্মে তিনি সভায় অবহিত করেন। পেরীফেরী এবং সায়রাত অনুমোদন সংক্রান্ত পত্র ০২ টির বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। তাছাড়া উক্ত নৈহাটি বাজারের ব্যক্তি মালিকানাধীন ভূমি নিয়ে মহামান্য



হাইকোর্টে ১৭৪২৬/২০১৭, ৯৬২/২০১৭, ৭৫৬/২০১৮, ৭৩৯৭/২০২২ নং রিট মামলাসহ বিভিন্ন সময়ে বিভিন্ন মামলা দায়ের হয় এবং বর্তমানে উক্ত মামলাসমূহ চলমান থাকায় নৈহাটী বাজার কেলেন্ডারভুক্ত করা যায়নি এবং ইজারা কার্যক্রম গ্রহণ করা সম্ভব হয়নি। নৈহাটী বাজার হতে অবৈধভাবে/ বিধি বহির্ভূতভাবে প্রতারণার আশ্রয় গ্রহণকরে অর্থ আদায় করায় ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তার মাধ্যমে কতিপয় ব্যক্তির বিরুদ্ধে বারহাট্টা থানায় ০২/২০২২ নং মামলা দায়ের করা হয়েছে।

সিদ্ধান্ত : (১) সকল এসএফ প্রেরণসহ মামলা নিষ্পত্তির প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।

সিদ্ধান্ত : (২) প্রজাবিলি/ব্যক্তিমালিকানাধীন ১.৬৩ একর ভূমি ০১ নং খতিয়ানে আনয়নের ব্যবস্থা গ্রহণসহ ২.০১ একর ভূমির উপর অবস্থিত নৈহাটী বাজার (চান্দিনা ভিটি, গরুর হাট, তোহামহাল) সায়াতমহাল হিসেবে সায়াতভূক্তির প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।

বাস্তবায়ন : উপজেলা নির্বাহী অফিসার ও সহকারী কমিশনার(ভূমি), বারহাট্টা, নেত্রকোণা।

১১। উপজেলা পরিষদের বিবিধ/আনুষংগিক ব্যয়/ব্যয়ান্তর অনুমোদন :

উপজেলা নির্বাহী অফিসার সভায় জানান যে, উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে নিম্নরূপ ব্যয়/ব্যয়ের বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। বিস্তারিত আলোচনান্তে পরিষদের অনুমোদিত ব্যয়, নিম্নোক্ত ব্যয়ের অনুমোদন/ব্যয়ান্তর অনুমোদন সর্বসম্মতক্রমে অনুমোদিত ও গৃহীত হয় :

০১	জনাব মোঃ আনোয়ার হোসেন আজাদ, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদের জুলাই/২২ মাসের সম্মানী ভাতা ২৭,০০০/-
০২	জনাব শাহীনুর আক্তার, মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদের জুলাই/২২ মাসের সম্মানী ভাতা ২৭,০০০/-
০৩	উপজেলা পরিষদের দক্ষ মালির জুলাই/২২ মাসের মজুরি ১৩,৭৫০/- এবং অদক্ষ পরিচ্ছন্নতাকর্মীর জুলাই/২২ মাসের মজুরি ব্যয় ১২,৫০০/-
০৪	উপজেলা পরিষদের জুলাই/২২ মাসের আনুষংগিক ব্যয় ৫,০০০/-
০৫	উপজেলা পরিষদের জুলাই/২২ আপ্যায়ন ব্যয় ৩০,০০০/-
০৬	উপজেলা পরিষদের স্থায়ী কমিটির জুলাই/২২ মাসের সভার আপ্যায়ন ব্যয় ৮,০০০/-

অতঃপর আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ঘনাবাদ জানিয়ে সভার কাজ সমাপ্তি ঘোষণা করা হয়।

(মুহাম্মদ মাইনুল হক)  
চেয়ারম্যান  
উপজেলা পরিষদ  
বারহাট্টা, নেত্রকোণা।  
ফোন নং: ০২-৯৯৬৬৫৫১৯৭

স্মারক নং : ০৫.৪৫.৭২০৯.০০০.০৬.০০১.২১- ৫৯১(৪৫)

তারিখ: ১১ শ্রাবণ, ১৪২৯ বাং  
২৬ জুলাই, ২০২২ খ্রি.

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/ জ্ঞাতার্থে ও কার্যার্থে প্রেরণ করা হলো:

- জনাব মোঃ আশরাফ আলী খান খসরু, মাননীয় সংসদ সদস্য, ১৫৮ নেত্রকোণা-২ ও মাননীয় প্রতিমন্ত্রী, সমাজকল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- জেলা প্রশাসক, নেত্রকোণা।
- চেয়ারম্যান, জেলা পরিষদ, নেত্রকোণা।
- উপ-পরিচালক, স্থানীয় সরকার, নেত্রকোণা।
- চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বারহাট্টা, নেত্রকোণা।
- ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বারহাট্টা, নেত্রকোণা।
- উপজেলা.....অফিসার, বারহাট্টা, নেত্রকোণা।
- চেয়ারম্যান.....ইউপি (সকল), বারহাট্টা, নেত্রকোণা।
- সহকারী প্রোগ্রামার, উপজেলা তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, বারহাট্টা, নেত্রকোণা।
- সংশ্লিষ্ট নথি।

(এস.এম.মাজহারুল ইসলাম)  
উপজেলা নির্বাহী অফিসার  
বারহাট্টা, নেত্রকোণা।  
ফোন: ০২-৯৯৬৬৫৫১৮৬  
মোবাইল: +৮৮০১৭০১৩০০৩৯৯

ই-মেইল: unobarhatta@mopa.gov.bd